




# ভারতের প্রথম ডিজিটাল জনগণনা (অবশেষে) হচ্ছে

২০২১ সালের জনগণনায় দেরি হওয়ার কারণে, ২০১১ সালে ভারতের সর্বশেষ জনগণনা হয়েছিল | সাম্প্রতিক জনসংখ্যা তথ্যের ভিত্তিতে নীতি নির্ধারণের জন্য একটি নতুন জনগণনা অত্যন্ত গুরুত্বপূর্ণ |

ঐচ্ছিক স্ব-গণনার মাধ্যমে এখন ভারতের অধিবাসীরা, গণনাকারী বাড়ি আসার পনেরো দিন আগে একটি অনলাইন প্ল্যাটফর্মে নিজেরাই তাঁদের পরিবারের তথ্য নথিভুক্ত করতে পারবেন।

**এই সম্পর্কে আপনার যা যা জানা দরকার**

# ভারতের 2027 জনগণনা দুটি ধাপে হবে

## প্রথম ধাপ

বাড়ির তালিকা ও আবাসন গণনা

(এপ্রিল-সেপ্টেম্বর 2026)

- সরকারের পক্ষ থেকে আপনার বাড়ি, তার সুযোগ সুবিধে এবং সম্পত্তি সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হবে.
- এছাড়াও গণনাকারী আপনার বাড়ি আসার ১৫ দিন আগে আপনি ওয়েব পোর্টালে আপনার তথ্য জমা দিতে পারেন|

## দ্বিতীয় ধাপ

জনসংখ্যা গণনা

(ফেব্রুয়ারি 2027)

- জনতাত্ত্বিক তথ্য ,শিক্ষা, অভিবাসন ও উর্বরতা ক্ষমতা ইত্যাদি সম্পর্কিত তথ্য—এবং প্রথমবারের মতো জাতিগত পরিচয় সম্পর্কিত তথ্য—সংগ্রহ করা হবে|

**প্রথম ধাপের স্ব-গণনা আগামী ছয় মাসে পর্যায়ক্রমে করা হবে|**

# তাহলে, স্ব-গণনা বলতে আমরা কি বুঝি?

স্বাধীনতার পর এটি ভারতের অষ্টম জনগণনা এবং প্রথমবারের জন্য সব তথ্য ডিজিটাল ভাবে রেকর্ড করা হবে।

স্ব-গণনা পদ্ধতিতে, গণনাকারী আসার আগে আপনি নিজেই একটি অনলাইন পোর্টালে আপনার পরিবারের তথ্য জমা দিতে পারবেন।

**স্ব-গণনা ঐচ্ছিক, এবং প্রক্রিয়াটি সহজ করাই এর উদ্দেশ্য।**



# আপনি কীভাবে স্ব-গণনা (SE) পদ্ধতিতে অংশগ্রহণ করবেন?

প্রথমে, se.census.gov.in ওয়েব পোর্টালে যান।

এটি ১৬টি ভাষায় ব্যবহার করা যায়।



# আপনি কীভাবে স্ব-গণনা (SE) পদ্ধতিতে অংশগ্রহণ করবেন?

1. এরপর, SE পোর্টালে লগইন করুন
2. আপনার রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল নির্বাচন করুন এবং ক্যাপচা সমাধান করুন
3. নাম ও মোবাইল নম্বর দিন*
4. মানচিত্রে আপনার জায়গা চিহ্নিত করুন
5. পরিবারের তথ্য পূরণ করুন (বাড়ির ধরন, সম্পদ, বাড়িতে বিবাহিত দম্পতি, পানীয় জলের উৎস ইত্যাদি সংক্রান্ত তথ্য)
6. আপনার তথ্য জমা দিন এবং একটি SE আইডি পান
7. গণনাকারী আপনার বাড়িতে এলে তাকে SE আইডি দিন

*পোর্টালটি প্রতি পরিবারের জন্য একটি মোবাইল নম্বর ব্যবহারের পরামর্শ দেয়, যা সম্ভব হলে পরিবারের প্রধানের হওয়া উচিত’

# যে গুরুত্বপূর্ণ তারিখগুলি আপনার জানা দরকার:

## এপ্রিল

- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ: ১ এপ্রিল–১৫ এপ্রিল
- এনডিএমসি ও দিল্লি ক্যান্টনমেন্ট বোর্ড: ১ এপ্রিল–১৫ এপ্রিল
- গোয়া, কর্ণাটক, লক্ষদ্বীপ, মিজোরাম, ওডিশা, সিকিম: ১ এপ্রিল–১৫ এপ্রিল
- গুজরাট, দাদরা ও নগর হাভেলি, দমন ও দিউ: ৫ এপ্রিল–১৯ এপ্রিল
- উত্তরাখণ্ড: ১০ এপ্রিল–২৪ এপ্রিল
- মধ্য প্রদেশ: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- অন্ধ্র প্রদেশ: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- অরুণাচল প্রদেশ: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- চণ্ডীগড়: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- ছত্তিশগড়: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- হরিয়ানা: ১৬ এপ্রিল–৩০ এপ্রিল
- বিহার: ১৭ এপ্রিল–১ মে

অনির্ধারিত: পশ্চিমবঙ্গ

## মে

- তেলেঙ্গানা: ২৬ এপ্রিল–১০ মে
- পাঞ্জাব: ৩০ এপ্রিল–১৪ মে
- দিল্লি এমসিডি এলাকা: ১ মে–১৫ মে
- মহারাষ্ট্র: ১ মে–১৫ মে
- মেঘালয়: ১ মে–১৫ মে
- রাজস্থান: ১ মে–১৫ মে
- ঝাড়খণ্ড: ১ মে–১৫ মে
- উত্তর প্রদেশ: ৭ মে–২১ মে
- জম্মু ও কাশ্মীর, লাদাখ, পুদুচেরি: ১৭ মে–৩১ মে

## জুন

- হিমাচল প্রদেশ: ১ জুন–১৫ জুন
- কেরালা: ১৬ জুন–৩০ জুন
- নাগাল্যান্ড: ১৬ জুন–৩০ জুন

## জুলাই

- তামিলনাড়ু: ১৭ জুলাই–৩১ জুলাই
- ত্রিপুরা: ১৭ জুলাই–৩১ জুলাই

## আগস্ট

- আসাম: ২ আগস্ট–১৬ আগস্ট
- মণিপুর: ১৭ আগস্ট–৩১ আগস্ট


BEHAN BOX

# ডিজিটাল জনগণনা 2027 সম্পর্কিত জরুরি কিছু কথা

- যদি লিভ-ইন সম্পর্কে থাকা যুগলরা “তাঁদের সম্পর্ককে স্থিতিশীল” বলে মনে করেন, তবে তাঁদের বিবাহিত হিসেবে গণনা করা হবে।

- SE-এর সময় প্রতি পরিবারে একটি ফোন নম্বর ব্যবহার করার সুপারিশ করা হয়েছে। সম্ভব হলে সেই নম্বরটি ‘পরিবারের প্রধানের’ হওয়া প্রয়োজন, যিনি দৈনন্দিন কাজকর্ম পরিচালনা করেন ও সিদ্ধান্ত গ্রহণ করেন। পরিবারের প্রধান যে কোনো সামাজিক লিঙ্গ পরিচয়ের (জেন্ডার) হতে পারেন।

- ১৯৩১ সালের পর এটি প্রথম জনগণনা, যেখানে সঠিক পদ্ধতিতে জাতি গণনা করা হবে।



# ডিজিটাল জনগণনা 2027

- এমন একটি ডিজিটাল জনগণনা, ডেটা গোপনীয়তা, নজরদারি এবং অন্তর্ভুক্তির ক্ষেত্রে কী অর্থ বহন করে?

- পরিবারের প্রধানের দেওয়া তথ্যের ভিত্তিতে গণনা করা হলে, তা নারীদের স্বায়ত্তশাসন এবং নিজের সিদ্ধান্ত নেওয়া ও তা কার্যকর করার ক্ষমতা অর্জনের (এজেন্সি) ক্ষেত্রে কি প্রভাব ফেলে?

- লিভ-ইন আইন যা সরকারকে আরও বেশি ক্ষমতা প্রদান করে, তা আন্তঃজাত, কুইয়ার এবং আন্তঃধর্মীয় সম্পর্কের উপর কি প্রভাব ফেলবে?

ভারতে জাতি গণনার ইতিহাস এবং কেন ২০২৭-এর জনগণনায় জাতিগত বৈষম্যের পাশাপাশি জাতিগত ক্ষমতাকেও গণনা করা উচিত—এই বিষয়গুলি সম্পর্কে জানতে গবেষক তৃণা ভিথায়াথিলের সঙ্গে আমাদের সাক্ষাৎকার পড়ুন। পুরো সাক্ষাৎকারটি **behanbox.com**-এ পড়ুন।


Behanbox Talkies Caste Census

## ‘Census 2027 Should Enumerate Caste Power Alongside Caste Apartheid’

**Saumya Kalia**

New Delhi | August 18, 2025





**আগামী কয়েক সপ্তাহে আমরা এই প্রশ্নগুলো একে একে আলোচনা করব | ফলো করে আপনারা আমাদের সঙ্গে থাকুন।**

behanbox.com
instagram.com/behanbox

**বেহনবক্সের ফেমিনিস্ট নির্বাচন নিউজরুমে যোগ দিন: tinyurl.com/FEN-signup**

**বেহনবক্স-এর ফেমিনিস্ট নির্বাচন নিউজরুম কমিউনিটির শ্রীমঞ্জরী এই অনুবাদটি করেছেন, এবং ভারেন্য গণেশ এটি সম্পাদনা করেছেন**